গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২০২০(অংশ-১).**৩৪৩**

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৮ / ১৬ ফেব্রুয়ারি ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'চলমান অডিটরিয়াম/ ডাকবাংলো নির্মাণ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

জনাব শ ম রেজাউল করিম এমপি, মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর ডিও পত্র নং ৩৩.০০.০০০০.১০১.১৬.০০১.২২-৪৩, তারিখ: ১৮ জানুয়ারি ২০২২ এর পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী জেলা পরিষদ, পিরোজপুর কর্তৃক **'পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলায় ৪তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ'** প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (**কোড নং-২২১০০০৬০০**) 'চলমান অডিটরিয়াম/ ডাকবাংলো নির্মাণ' শীর্ষক উপ-খাত হতে (**অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭**) উক্ত জেলা পরিষদের অনুকূলে **২.০০ (দুই) কোটি টাকা** অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্মারক এবং ২৬ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১০০৬.২০১১-৪৭৪ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
(৩) এ সংক্রান্ত অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ সচিব এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

১৬.২.২০২২
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২০২০(অংশ-১).**৩৪৩/১(২০)**

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৮ / ১৬ ফেব্রুয়ারি ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)।
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পিরোজপুর জেলা।
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(**এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো**)।

15.2.2022
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

শ ম রেজাউল করিম এমপি
মন্ত্রী
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

ডিও পত্র নম্বর- ৩৩.০০.০০০০.১০১.১৬.০০১.২২-৪৩ তারিখ: ১৮ জানুয়ারি ২০২২ খ্রি:।

বিষয়ঃ **পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলায় ৪তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণের জন্য ০৪ (চার) কোটি টাকা বরাদ্দ প্রদান।**

ডায়েরি নং ২৮৫৩ তারিখ ২৪/১/২২
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

**প্রিয় সহকর্মী,**

আসসালামু আলাইকুম।

আন্তরিক শুভেচ্ছা নিবেন। আমার নির্বাচনী আসন (১২৭ পিরোজপুর-১) পিরোজপুর জেলার পিরোজপুর সদর, নাজিরপুর ও নেছারাবাদ উপজেলা নিয়ে গঠিত বিপুল জনসংখ্যা অধ্যুষিত জনপদ। এ নির্বাচনী এলাকার নাজিরপুর উপজেলাটিতে প্রায় ০৪ (চার লক্ষ) লোকের বসবাস। নাজিরপুর উপজেলাটির আয়তন ২৩৩.৩৬ বর্গ কিলোমিটার। এই উপজেলাটি জাতির পিতা **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের** পূণ্যধন্য গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া সংলগ্ন। জাতির পিতার আজন্মলালিত সোনার বাংলা গঠনে মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনার** সরকার সুবিশাল উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায় পিরোজপুরে একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য জাতীয় সংসদে আইন প্রণয়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। অচিরেই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হবে। বিশ্ববিদ্যালয়টি নাজিরপুর ও পিরোজপুর সদরের মধ্যবর্তী কদমতলায় স্থাপিত হবে। এছাড়াও একটি পলিটেকনিক ইনস্টিটিউট, টেক্সটাইল ইনস্টিটিউট ও নাজিরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কাজ চলমান রয়েছে। পিরোজপুরে একটি ইকোনমিক জোন স্থাপনের প্রক্রিয়াও চূড়ান্ত পর্যায়ে। প্রায় ৬০০ কোটির অধিক টাকায় 'পিরোজপুর জেলার পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প' এর কাজও দ্রুত গতিতে এগিয়ে চলছে। এছাড়া নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ৬তলা বিশিষ্ট সরকারি মাধ্যমিক বিদ্যালয় ভবন নির্মাণ কাজও চলমান রয়েছে। এ সমস্ত উন্নয়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তাসহ মন্ত্রণালয়, অধিদপ্তর ও বিভাগসমূহের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের নাজিরপুরে অবস্থান ও রাত্রিযাপনের মানসম্মত কোন হোটেল, সরকারি বাংলো বা রেস্ট হাউস নেই। ফলে, প্রায় ২৫ কিলোমিটার দূরের জেলা সদরে সার্কিট হাউজ অথবা সরকারি রেস্ট হাউজে অবস্থান করতে হয়। এতে প্রচুর সরকারি অর্থ ও সময়ের অপচয় হয়। তাই পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলায় একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ প্রয়োজন মর্মে নির্বাচিত সংসদ সদস্য হিসেবে আমি মনে করি।

উল্লেখ্য যে, পিরোজপুর জেলার ভান্ডারিয়া এবং নেছারাবাদ উপজেলায় অনুরূপ ২টি ডাকবাংলো নির্মাণের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, **পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলায় ৪তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণের জন্য ০৪ (চার) কোটি টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয়** ব্যবস্থা গ্রহণ করতে আপনার ব্যক্তিগত উদ্যোগ ও সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে-

ডায়েরী নং- তারিখ- ২৪/১/২২
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

ডায়েরী নং ৯২৪ তারিখ ২০/১/২২
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
(মন্ত্রীর দপ্তর)

একান্তভাবে আপনার,

(শ ম রেজাউল করিম এমপি)

**জনাব মোঃ তাজুল ইসলাম এমপি**
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| | ৫) উপজেলা অধিশাখা |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |

ডাইরি নম্বর: তারিখ: ২০/০১/২২ স্বাক্ষর

অতি:/যুগ্মসচিব-প্রশাসন/উপজেলা/আইন
নম্বর তারিখ
অতিরিক্ত সচিব (প্রশাসন)